গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
www. doict.companiganj.noakhali.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**কোম্পানীগঞ্জ উপজেলার আইসিটি কমিটির ডিসেম্বর/২০১৯ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

মুখ্য উপদেষ্টা : জনাব ওবায়দুল কাদের, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
মাননীয় সংসদ সদস্য-২৭২, নোয়াখালী-৫।

উপদেষ্টা : জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

সভাপতি : ফয়সাল আহমেদ,উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
সভার তারিখ : ১৭-১২-২০১৯খ্রিঃ, সময়: সকাল ১০.৩০ ঘটিকা।

**সভায় উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক ও খ' দ্রষ্টব্য**

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বলেন বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে ও প্রধান মন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গড়তে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতি ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই। তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার আহ্বান জানান এবং উপজেলায় আইসিটি কর্মকর্তার নিয়োগ ও প্রথম আইসিটি কমিটি গঠনে সন্তুষ্টি প্রকাশ করেন এবং এই ধারা অব্যাহত রেখে ডিজিটাল বাংলাদেশ গঠনের আশা ব্যক্ত করেন। অতঃপর তিনি সভার শুভ উদ্বোধন ঘোষণা করেন এবং সভার কার্যক্রম শুরু করার জন্য সভার সভাপতি তথা উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সভাপতি, উপজেলার নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান।

০৩। অতঃপর অদ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব ফয়সাল আহমেদ এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য-সচিব জনাব মোঃ তানিম রহমান, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু করা হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | আইসিটি অধিদপ্তর সম্পর্কে ধারণা প্রদান ও এর কার্যাবলি তুলে ধরা | সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় এর সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সদস্য-সচিব জনাব মোঃ তানিম রহমান তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলি তুলে ধরেন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার ও দপ্তরের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং সভার আলোচ্য বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন।<br>এছাড়া গত ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ দিবস সুন্দর ভাবে পালন করার জন্য সভাপতি উপস্থত সবাই কে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সহকারী প্রোগ্রামার |
| ০২ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।শতভাগ হালনাগাদ করার উদ্দেশ্য প্রত্যেক দপ্তরে ই-নথির মাধ্যমে পত্রজারি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্ত্বাবধানে উক্ত দপ্তরের যাবতীয় তথ্য বাতায়নে হালনাগাদ করবে বলে সভায় সিদ্ধান্ত হয়। | ক) দপ্তর প্রধান<br>খ) সহকারী প্রোগ্রামার<br>গ) সংশ্লিষ্ট উদ্যোক্তা |
| ০৩ | ই-নথির কার্যক্রম পরিচালনা | উপজেলার সকল সরকারী দপ্তরে লাল ফিতার দৌরাত্ম্য রোধে, সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ডিজিটাল গভর্নেন্স প্রতিষ্ঠায় ই-নথির কার্যক্রম অনতিবিলম্বে শুরু করা দরকার বলে সভায় সবাই একমত পোষণ করেন।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান নিজ উদ্যোগে ই-নথি কার্যক্রম পরিচালিত করবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) দপ্তর প্রধান<br>খ) সহকারী প্রোগ্রামার<br>গ) সংশ্লিষ্ট উদ্যোক্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর আয়- ব্যয় এর রিপোর্ট প্রদান | উপজেলার ইউনিয়ন গুলোতে স্থাপিত ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর আয়-ব্যয় এবং গ্রাহক সেবার সংখ্যা উল্লেখ পূর্বক পাক্ষিক এবং মাসিক নিয়মিত রিপোর্ট প্রদান এর সিদ্ধান্ত গৃহীত হয়, এবং এই বিষয়ে উদ্যোক্তাগন দের নির্দেশনা প্রদান করা হয়।সেবা পদ্ধতি সহজীকরন এবং গ্রাহক সেবার মান বৃদ্ধিকরন বিষয়ে সভায় আলোচনা হয়। | ক)সহকারী প্রোগ্রামার<br>খ)সংশ্লিষ্ট উদ্যোক্তা |
| ০৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি | উপজেলায় (৮) আটটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপিত হয়েছে এবং একটি ডিজিটাল ক্লাসরুম আছে। সভায় উক্ত ল্যাবগুলোর সার্বক্ষনিক পর্যবেক্ষণ ও পরিচালনা করা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়।অক্টোবর মাসের ল্যাবগুলোর পরিদর্শন এর প্রতিবেদন পর্যালোচনা করা হয় এবং এই বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ল্যাব সংক্রান্ত সকল নীতিমালা সরাসরি বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠান প্রধানদের তাগিদ দেয়া ও প্রতি মাসে ল্যাবগুলোকে সার্বক্ষণিক পরিদর্শন ও পর্যবেক্ষন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) মাধ্যমিক শিক্ষা অফিসার<br>খ) প্রাথমিক শিক্ষা অফিসার<br>গ) সহকারী প্রোগ্রামার |
| ০৬ | সরকারি দপ্তরে দাপ্তরিক ই-মেইল ব্যবহার | উপজেলার সরকারি দপ্তর গুলোতে নির্দেশনা মোতাবেক দাপ্তরিক ই-মেইল ব্যবহার এবং উপজেলার সকল সভা এবং সভার কার্যবিবরণী সহ তথ্য আদান প্রদানে দাপ্তরিক ই-মেইল ব্যবহার এর সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) দপ্তর প্রধান<br>খ) সহকারী প্রোগ্রামার |
| ০৭ | অন্যান্য | সভায় উপস্থিত সম্মানিত সকল অতিথি এটা বিশ্বাস করেন যে, তাদের যৌথ উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'ভিশন ২০২১', 'টেকসই উন্নয়ন ও অভীষ্ট লক্ষ্যমাত্রা-২০৩০' এবং 'ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধমে একটি উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গঠন করতে সক্ষম হবেন।<br>সভায় বক্তাগণ ডিজিটাল বাংলাদেশ গড়ার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং আইসিটি'র বিকাশে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। | ক) উপজেলা নির্বাহী অফিসার<br>খ) সকল দপ্তর প্রধান<br>গ) সকল জনপ্রতিনিধি |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.১২

(ফয়সাল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
www. doict.companiganj.noakhali.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং - ৫৬.০৪.৭৫২১.০১.৩২.০১৩.১৯-৮৮

তারিখঃ ২ পৌষ ১৪২৬ বাংলা
১৮ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০৪। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,আগারগাঁও, ঢাকা-১২০৭।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থের জন্য(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মাননীয় মন্ত্রী মহোদয়,সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং মাননীয় সংসদ সদস্য,২৭৫,নোয়াখালী-৫ ও উপদেষ্টা,উপজেলা আইসিটি কমিটি, কোম্পানীগঞ্জ নোয়াখালী
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।
০৩। জেলা প্রশাসক, নোয়াখালী।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি),নোয়াখালী।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৭। উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৮। উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৯। উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১০।উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১১। উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১২। উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১৩। অফিসার ইন-চার্জ, কোম্পানীগঞ্জ থানা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
১৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,নোয়াখালী।
১৫। অফিস কপি।

Md. Tanim Rahman 18.12.2019.
(মোঃ তানিম রহমান)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি কমিটি
Email: doict.companiganj@gmail.com

## **পরিশিষ্ট – "ক"**

## **উপস্থিতি**

কোম্পানীগঞ্জ **উপজেলার আইসিটি কমিটির ডিসেম্বর/২০১৯ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় উপস্থিতির তালিকাঃ**

| ক্রম | নাম ও পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত | |
| ২. | জনাব ফয়সাল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি<br>উপজেলা আইসিটি কমিটি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত | |
| ৩. | সহকারী কমিশনার (ভূমি),কোম্পানীগঞ্জ,নোয়াখালী | স্বাক্ষরিত | |
| ৪. | জনাব আজম পাশা চৌধুরী (রুমেল),ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | স্বাক্ষরিত | |
| ৫. | উপজেলা কৃষি অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত | |
| ৬. | উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত | |
| ৭. | উপজেলা মৎস্য অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত | |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার , কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত | |
| ৯. | জনাব মোঃ আরিফুর রহমান,অফিসার ইন-চার্জ, কোম্পানীগঞ্জ থানা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত | |
| ১০. | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত | |
| ১১. | জনাব মোঃ তানিম রহমান, সহকারী প্রোগ্রামার ও সদস্য-সচিব উপজেলা আইসিটি কমিটি, তথ্য ও<br>যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | স্বাক্ষরিত | |

# পরিশিষ্ট – "খ"

## অনুপস্থিতি সদস্যবৃন্দ

কোম্পানীগঞ্জ **উপজেলার আইসিটি কমিটির ডিসেম্বর /২০১৯ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় উপস্থিতির তালিকাঃ**

| ক্রম | নাম ও পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার। | ----- | অনুপস্থিত |
| ০২ | উপজেলা সমাজসেবা অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | ----- | অনুপস্থিত |
| ০৩ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প ,কোম্পানীগঞ্জ, নোয়াখালী। | ----- | অনুপস্থিত |